

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৫১

৮/ সাওম (রোজা) (্রাজা) (১ইটা নাড্রান্ত এটা নাড্রান্ত প্র

পরিচ্ছেদঃ আশূরা দিবসের সিয়াম পালন না করার অবকাশ।

باب مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِي تَرْكِ صَوْمٍ يَوْمٍ عَاشُورَاءَ

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ إِسْحَاقَ الْهَمْدَانِيُّ، حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ عَاشُورَاءُ يَوْمًا تَصُومُهُ قُرَيْشٌ فِي الْجَاهِلِيَّةِ وَكَانَ رَسُولُ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ عَاشُورَاءُ يَوْمًا تَصُومُهُ قُرَيْشٌ فِي الْجَاهِلِيَّةِ وَكَانَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَصنُومُهُ قَلَمَّا قَدِمَ الْمَدينَةَ صَامَهُ وَأَمَرَ النَّاسَ بِصِيامِهِ فَلَمَّا الْقُريضَ رَمَضَانُ كَانَ رَمَضَانُ هُوَ الْفَريضَةَ وَتَرَكَ عَاشُورَاءَ فَمَنْ شَاءَ صَامَهُ وَمَنْ شَاءَ تَركَهُ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودِ وَقَيْسِ بْنِ سَعْدٍ وَجَابِرِ بْنِ سَمُرَةَ وَابْنِ عُمَرَ وَمُعَاوِيَةَ تَركَهُ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودِ وَقَيْسِ بْنِ سَعْدٍ وَجَابِر بْنِ سَمُرَةَ وَابْنِ عُمَرَ وَمُعَاوِيَةَ تَركَهُ . وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودِ وَقَيْسِ بْنِ سَعْدٍ وَجَابِر بْنِ سَمُرَةَ وَابْنِ عُمَرَ وَمُعَاوِيَة . قَالَ أَبُو عِيسَى وَالْعَمَلُ عِنْدَ أَهْلِ الْعِلْمِ عَلَى حَدِيثِ عَائِشَةَ وَهُو حَدِيثٌ صَحِيحٌ لاَ يَرَوْنَ صِيامَ هُ لِمَا ذُكِرَ فِيهِ مِنَ الْفَضْلِ .

বাংলা

৭৫১. হারান ইবনু ইসহাক আল-হামদানী (রহঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আশ্রা (আশুরা/আসুরা/আসুরা) ছিল এমন একটি দিন যে দিন কুরাইশরা জাহেলী যুগেও সিয়াম পালন করত। রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম (হিজরতের পূর্বে) সে দিন সিয়াম পালন করতেন। মদীনায় আসার পরও তিনি এই দিন সিয়াম পালন করেছেন এবং লোকদেরকেও সিয়াম পালন করতে নির্দেশ দিয়েছেন। রামাযানের সিয়াম পালন ফর্ম হওয়ার পর রামাযানই ফর্ম হিসাবে রয়ে গেল আর আশ্রার সিয়াম (ফর্ম হিসাবে) রইল না। ফলে যার ইচ্ছা এই দিনের সিয়াম পালন করতে পারে আর যার ইচ্ছা তা ছাড়তেও পারে। - সহিহ আবু দাউদ ২১১০, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৫৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু মাসঊদ, কায়স ইবনু সা'দ, জাবির ইবনু সামুরা, ইবনু উমার ও মুআবিয়া (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আলিমগণ আয়িশা (রাঃ) বর্ণিত এই হাদীস আমল হিসাবে গ্রহণ করেছেন। এই হাদীস সহীহ। তাঁর আশূরা দিবসের সিয়াম ওয়াজিব বলে মনে করেন না। কিন্তু কারো যদি এই দিনের সিয়াম পালনের আগ্রহ হয় তবে ভিন্ন কথা। কারণ এই দিনের সিয়াম পালনের বিষয়ে বহু ফযীলতের উল্লেখ রয়েছে।



English

Aishah narrated:

"Ashura was a day that the Quraish used to fast during Jahiliyyah, and the Messenger of Allah used to fast it. But when (the fast of) Ramadan became obligatory, the Ramadan was the required and Ashura was left. So whoever wanted to, he fasted it, and whoever wanted to, he left it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন